দৈনিক সংবাদ

9 SEP [illegible]

পৃষ্ঠা...

কলাম...

051



# নজরুল জীবনের কিছু কথা

বিদ্রোহী কবি কাজী নজরুল আমাদের জাতীয় জীবনে একজন অবিস্মরণীয় ব্যক্তিত্ব। তাঁর লেখা সাহিত্যে তিনি সাধারণ মানুষের দুঃখ ভারাক্রান্ত দৈনন্দিন জীবনের কথা বলা ছাড়াও আমাদের দেশের মানুষকে যুগে যুগে অনুপ্রাণিত করেছেন সংগ্রামী চেতনায়। মহান স্বাধীনতা যুদ্ধে নজরুলের গান অস্ত্রের মতোই কাজ করেছে মুক্তি-যোদ্ধাদের অমিত তেজে ঝাপিয়ে পড়তে শত্রুর বিরুদ্ধে।

সেই প্রিয় কবি নজরুল আমাদের ছেড়ে চলে গেছেন ১৯৭৬ সালের ২৯শে আগষ্ট।

নজরুল জীবনের বিভিন্ন সময়ের কিছু তথ্য নীচে পত্রস্থ করা হলো।

| | |
|---|---|
| নজরুলের পুরো নাম | : কাজী নজরুল ইসলাম। |
| জন্ম | : ১১ই জ্যৈষ্ঠ, ১৩০৬ (বাংলা), ২৪শে মে, ১৮৯৯ (ইংরেজী)। |
| জন্মস্থান | : ভারতের পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার জামুরিয়া থানার চুরুলিয়া গ্রামে। |
| পিতার নাম | : কাজী ফকির আহম্মদ। |
| মাতার নাম | : মোসাম্মৎ জাহেদা খাতুন। |
| শিক্ষাস্থল | : প্রথমে গ্রামের মক্তব, পরে রাণীগঞ্জ শিয়ারসোল হাই স্কুল, মাথরুন ইংরেজী উচ্চ বিদ্যালয়, দরিরামপুর উচ্চ বিদ্যালয় (ত্রিশাল)। |
| আশ্রয়দাতা | : কাজী রফিজ উল্লাহ (পুলিশ ইন্সপেক্টর)। |
| কর্মস্থল | : এম, বকসের চা–রুটির দোকান, প্রসাদপুর গার্ড সাহেবের বাসা, ৪৯ বাঙ্গালী পল্টন। |
| বিয়ে | : ২৫শে এপ্রিল, ১৯২৪ ইংরেজী। |
| স্ত্রী | : প্রমীলা সেনগুপ্তা। |
| ডাকনাম | : দুলী। |
| নজরুলের ডাকনাম | : দুখু মিয়া, তারা খেঁপা, নজর আলী। |
| প্রমীলার জন্ম | : ২৭শে বৈশাখ ১৩১৫ বাংলা। |
| নজরুলের শ্বশুর | : শ্রী বসন্ত কুমার সেনগুপ্ত। |
| শাশুড়ী | : শ্রীমতী গিরিবালা দেবী। |
| নজরুলের প্রথম প্রকাশিত কবিতা | : মুক্তি। |
| প্রথম গল্প | : বাউণ্ডেলের আত্মকাহিনী। |
| প্রথম প্রবন্ধ | : তুর্কী মহিলার ঘোমটা খোলা। |
| প্রথম উপন্যাস | : বাঁধন হারা। |
| সর্বশ্রেষ্ঠ (সাধারণ মানুষের বিবেচনায়) কবিতা | : বিদ্রোহী। |
| উল্লেখযোগ্য গ্রন্থ | : ভাঙ্গার গান, অগ্নিবীণা, বিষের বাঁশী, চক্রবাক, রিক্তের বেদন, ব্যথার দান, প্রলয়শিখা, আলেয়া প্রভৃতি। |
| বাল্য রচনা | : মেঘনাদ বধ, চাষার সঙ, শকুনী বধ, দাতাকর্ণ রাজপুত্র, কবি কালিদাস, আকবর বাদশা প্রভৃতি। |
| নজরুল সম্পাদিত সাপ্তাহিক পত্রিকা | : ধূমকেতু। |
| প্রথম প্রকাশ | : ১২ই আগষ্ট, ১৯২২ ইংরেজী। |
| নজরুল অভিনীত প্রথম ছায়াছবি | : ধ্রুব। |
| নজরুল গীতির সংখ্যা | : ৩ হাজারের উপরে। |
| নজরুল প্রথম গ্রেফতার হন | : ১৭ই মে, ১৯২৩ ইংরেজী। |
| মুক্তিলাভ করেন | : ১৫ই ডিসেম্বর, ১৯২৩ ইংরেজী। |
| প্রথম সন্তান | : অরিন্দম খালিদ |
| ডাকনাম | : বুলবুল |
| কনিষ্ঠ পুত্র | : কাজী অনিরুদ্ধ। |
| ডাকনাম | : লেনিন বা নিনি। |
| জ্যেষ্ঠপুত্র | : কাজী সব্যসাচী। |
| ডাকনাম | : সান-ইয়াত-সেন বা সানি। |
| সাহিত্য চর্চার কাল | : ১৩২৬ হইতে ১৩৪৯ বাংলা। |
| জাতীয় খেতাব | : 'জগত্তারিনী' ও 'পদ্মভূষণ'। ১৯৪৫ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় নজরুলকে 'জগত্তারিনী' ও ১৯৬০ সালে ভারত সরকার 'পদ্মভূষণ' স্বর্ণপদকে সম্মানিত করেন। |
| দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হন | : ১০ই আগষ্ট, ১৯৪২ ইংরেজী। |
| মৃত্যুবরণ করেন | : ২৯শে আগষ্ট, ১৯৭৬ ইংরেজী, ঢাকায়। |

--আজম জহিরুল ইসলাম